



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা

www.caab.gov.bd

নং-৩০.৩১.০০০০.২১১.০১.০১১.১৭- ৪০১৭

তারিখ : ২৭/১১/২০১৭

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ীভাবে পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের (পুরুষ/মহিলা) নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫)	প্রার্থীর বয়স	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই
১.	হিসাব রক্ষক টাঃ ১২৫০০-৩০২৩০/- গ্রেড-১১	৩০ বৎসরের উর্ধ্বে নহে	৪ (চার)	অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে স্নাতক ডিগ্রি	গাজীপুর, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, শরিয়তপুর, টাঙ্গাইল, চট্টগ্রাম, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, পাবনা, নড়াইল, বরিশাল, ভোলা ও ঝালকাঠি জেলাসমূহের প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে, সকল জেলার এতিমখানা নিবাসী, শারীরিক প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা (নাতি-নাতনি) প্রার্থীগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে আবেদন করতে পারবেন।
২.	রেডিও টেকনিশিয়ান টাঃ ১১৩০০-২৭৩০০/- গ্রেড-১২	১৮ বৎসরের নীচে এবং ৩০ বৎসরের উর্ধ্বে নহে	৩ (তিন)	ক) অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ বিদ্যা এবং অংকসহ অন্যান্য স্নাতক ডিগ্রি অথবা রেডিও ইলেকট্রনিকস ডিপ্লোমা। খ) নির্ধারিত প্রশিক্ষণ কোর্সে সফল হওয়ার পর স্থায়ী করা হবে।	
৩.	হিসাব সহকারি টাঃ ১১০০০-২৬৫৯০/- গ্রেড-১৩	১৮ বৎসরের নীচে এবং ৩০ বৎসরের উর্ধ্বে নহে (বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বছর)	১ (এক)	অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে স্নাতক ডিগ্রি	
৪.	সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর টাঃ ১১০০০-২৬৫৯০/- গ্রেড-১৩	১৮ বৎসরের নীচে এবং ৩০ বৎসরের উর্ধ্বে নহে	৬ (ছয়)	ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট খ) প্রতি মিনিটে সাঁট-লিপিতে গতি ইংরেজিতে ৮০ শব্দ ও বাংলায় ৫০ শব্দ এবং গ) প্রতি মিনিটে কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ	
৫.	তথ্য সহকারি (মহিলা) টাঃ ১১০০০-২৬৫৯০/- গ্রেড-১৩	১৮ বৎসরের নীচে এবং ৩০ বৎসরের উর্ধ্বে নহে	১ (এক)	ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট খ) সুস্পষ্ট বাংলা ও ইংরেজী বলার যোগ্যতা এবং সুকঠ ও আকর্ষণীয় ব্যক্তিত্বের অধিকারী হতে হবে। গ) নির্ধারিত প্রশিক্ষণ কোর্সের সফল সমাপনের পর নিয়োগ স্থায়ী করা হবে।	
৬.	সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর টাঃ ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪	১৮ বৎসরের নীচে এবং ৩০ বৎসরের উর্ধ্বে নহে	৫ (পাঁচ)	ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট খ) প্রতি মিনিটে সাঁট-লিপিতে গতি ইংরেজিতে ৭০ শব্দ ও বাংলায় ৪৫ শব্দ এবং গ) প্রতি মিনিটে কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ।	
৭.	মোটর পরিবহন ফিটার ড্রাইভার টাঃ ৯৭০০-২৩৪৯০/- গ্রেড-১৫	১৮ বৎসরের নীচে এবং ৩০ বৎসরের উর্ধ্বে নহে	৫ (পাঁচ)	ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট খ) মোটর মেকানিক্সে ট্রেড সার্টিফিকেট এবং গ) ভারী যানবাহন চালনা লাইসেন্স	
৮.	ড্রাফটসম্যান টাঃ ৯৭০০-২৩৪৯০/- গ্রেড-১৫	১৮ বৎসরের নীচে এবং ৩০ বৎসরের উর্ধ্বে নহে	৬ (ছয়)	ড্রাফটসম্যানশীপে ডিপ্লোমা	
৯.	মোটর পরিবহন চালক টাঃ ৯৭০০-২৩৪৯০/- গ্রেড-১৫	১৮ বৎসরের নীচে এবং ৩০ বৎসরের উর্ধ্বে নহে	১২ (বার)	ক) ৮ম শ্রেণি পাশ খ) হালকা ও ভারী যানবাহন চালনা লাইসেন্স	

পাতা-২

ক্রমিক নং	পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫)	প্রার্থীর বয়স	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই
১০.	মেকানিক টাই ৯৭০০-২৩৪৯০/- গ্রেড-১৫	১৮ বৎসরের নীচে এবং ৩০ বৎসরের উর্ধ্বে নহে	২ (দুই)	বিদ্যুৎ অথবা মেকানিক সার্টিফিকেট	গাজীপুর, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, শরিয়তপুর, টাঙ্গাইল, চট্টগ্রাম,
১১.	বহিরংগন সহকারি টাই ৯৭০০-২৩৪৯০/- গ্রেড-১৫	১৮ বৎসরের নীচে এবং ৩০ বৎসরের উর্ধ্বে নহে	১ (এক)	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট	ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, পাবনা, নড়াইল, বরিশাল, ভোলা ও ঝালকাঠি
১২.	অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক টাই ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	১৮ বৎসরের নীচে এবং ৩০ বৎসরের উর্ধ্বে নহে	১২ (বার)	ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট এবং খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে গতি ইংরেজী ২০ ও বাংলায় ২০ শব্দ (জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন মোতাবেক)	জেলাসমূহের প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে, সকল জেলার এতিমখানা নিবাসী, শারীরিক প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র- কন্যা (নাতি-নাতনি) প্রার্থীগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে আবেদন করতে পারবেন।
১৩.	ফিটার মেকানিক টাই ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	১৮ বৎসরের নীচে এবং ৩০ বৎসরের উর্ধ্বে নহে	৩ (তিন)	ক) বিজ্ঞানে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এবং খ) সংশ্লিষ্ট ট্রেডে সার্টিফিকেট	
১৪.	রেডিও মিস্ত্রী টাই ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	১৮ বৎসরের নীচে এবং ৩০ বৎসরের উর্ধ্বে নহে	২ (দুই)	ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (বিজ্ঞান) এবং খ) সংশ্লিষ্ট ট্রেডে সার্টিফিকেট গ) নির্ধারিত প্রশিক্ষণ কোর্সের সফল সমাপনের পর স্থায়িকরণ।	
১৫.	ইঞ্জিন চালক টাই ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	১৮ বৎসরের নীচে এবং ৩০ বৎসরের উর্ধ্বে নহে (বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বছর)	১ (এক)	ক) বিদ্যুৎ বোর্ড হতে বি ও সি লাইসেন্স এবং খ) মেকানিক্সে ট্রেড সার্টিফিকেট	
১৬.	ডেসপাচ রাইডার টাই ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	১৮ বৎসরের নীচে এবং ৩০ বৎসরের উর্ধ্বে নহে	১ (এক)	ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এবং খ) মোটর সাইকেল চালনা লাইসেন্স	
১৭.	রং মিস্ত্রী টাই ৯০০০-২১৮০০/- গ্রেড-১৭	১৮ বৎসরের নীচে এবং ৩০ বৎসরের উর্ধ্বে নহে (বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বছর)	১ (এক)	ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এবং খ) রং মিস্ত্রী হিসেবে ২ বৎসরের অভিজ্ঞতা	
১৮.	মাষ্টাল লস্কার টাই ৮৮০০-২১৩১০/- গ্রেড-১৮	১৮ বৎসরের নীচে এবং ৩০ বৎসরের উর্ধ্বে নহে	১ (এক)	ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এবং খ) ২৫০ ফুট উচ্চ মাস্তুলে উঠার যোগ্যতা গ) ওয়ারম্যান সার্টিফিকেট থাকতে হবে।	
১৯.	ট্রাফিক হ্যাণ্ড টাই ৮২৫০-২০০১০/- গ্রেড-২০	১৮ বৎসরের নীচে এবং ৩০ বৎসরের উর্ধ্বে নহে	১ (এক)	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট	ঢাকা, গাজীপুর, মুন্সীগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, চট্টগ্রাম, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, নীলফামারী, নড়াইল, বাগেরহাট, বরিশাল, ভোলা, ঝালকাঠি, বরগুনা ও পটুয়াখালী জেলাসমূহের প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই। তবে, সকল জেলার এতিমখানার নিবাসী, শারীরিক প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, মুক্তিযোদ্ধার পুত্র- কন্যার পুত্র-কন্যা (নাতি-নাতনি) প্রার্থীগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে আবেদন করতে পারবেন।
২০.	লাউঞ্জ রুম পরিচালক (লাউঞ্জ রুম এটেন্ডেন্ট) টাই ৮২৫০-২০০১০/- গ্রেড-২০	১৮ বৎসরের নীচে এবং ৩০ বৎসরের উর্ধ্বে নহে	১ (এক)	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট	


শর্তাবলি :

- ০১। প্রার্থীকে আবেদনপত্রের সাথে “চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯” -এর অনুকূলে ২০০/- (দুইশত) টাকার অফেরতযোগ্য বাংলাদেশের যে কোনো তফসিলি ব্যাংকের চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে। চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর নম্বর ও তারিখ এবং ইস্যুকৃত ব্যাংক ও শাখার নাম আবেদন ফরমের নির্ধারিত স্থানে উল্লেখ করতে হবে।
- ০২। চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯-এর বরাবর আগামি ৩১/১২/২০১৭ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র পৌছাতে হবে। সরাসরি আবেদন জমা প্রদানে অগ্রহী প্রার্থীগণ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সদর দপ্তরের প্রশাসন বিভাগে রক্ষিত তালাবদ্ধ বাবলে অফিস সময়ের মধ্যে আবেদন জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখের পর কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ০৩। প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইয়ের পর শুধুমাত্র গ্রহণযোগ্য প্রার্থীদের প্রাথমিক নির্বাচনের লক্ষ্যে MCQ/লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। পরবর্তীতে MCQ/লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের যোগ্যতা যাচাইয়ের জন্য সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।
- ০৪। প্রার্থীর সদ্য তোলা ৪ (চার) কপি ৫X৫ সে.মি. আকারের রঙিন ছবি সত্যায়িত করে আবেদনপত্র ও প্রবেশপত্রের নির্ধারিত স্থানে লাগাতে হবে এবং ১(এক) কপি ছবি পিন দ্বারা আবেদনপত্রের বাম কোণায় আটকাতে হবে। আবেদনপত্রের সাথে প্রবেশপত্রের পূরণকৃত ছক, চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ও ডাকটিকিটযুক্ত ফেরৎ খাম ব্যতিত অন্য কোনো কাগজপত্র প্রেরণ করার প্রয়োজন নেই। সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা গ্রহণকালে আবেদন ফরমে প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যসমূহ প্রমাণের জন্য সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ/অভিজ্ঞতা সনদ (যদি থাকে), জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদ, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি করপোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, মুক্তিযোদ্ধা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে), প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ, অন্যান্য রেকর্ডপত্র মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে এবং ১(এক) সেট সত্যায়িত কপি জমা দিতে হবে। সকল সার্টিফিকেট/রেকর্ডপত্রের ফটোকপি সরকারি প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সত্যায়নকারী কর্মকর্তার সীলে নাম ও পদবি অবশ্যই উল্লেখ থাকতে হবে।
- ০৫। খামের উপরে প্রার্থীর নিজের নাম, ঠিকানা সহ আবেদনকৃত পদের নাম, নিজ জেলার নাম এবং বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে। প্রার্থীর আবেদনপত্র A4 আকারের কাগজে হতে হবে এবং প্রবেশপত্র প্রাপ্তির জন্য পত্র যোগাযোগের ঠিকানা উল্লেখ পূর্বক ৯.৫'X৪.৫' সাইজের ১০(দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকিটযুক্ত একটি ফেরৎ খাম আবেদনপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।
- ০৬। সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্র পৌছাতে হবে। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- ০৭। নিয়োগ সংক্রান্ত সরকারি নিয়মাবলী এবং সরকারের সর্বশেষ জারিকৃত পরিপত্র/নীতিমালা অনুযায়ী কোটা সংক্রান্ত নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ০৮। প্রার্থীর বয়স ৩১/১২/২০১৭ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তির নির্ধারিত কলামে উল্লেখিত বয়সসীমার মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সর্বোচ্চ বয়সসীমা ৩২(বত্রিশ) বৎসর। প্রার্থীর বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত এস.এস.সি/সমমানের (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটের লিপিবদ্ধ জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসেবে গণ্য হবে। বয়স সংক্রান্ত কোনো এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ০৯। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ সিদ্ধান্ত/প্রজ্ঞাপন অনুযায়ী প্রয়োজনীয় মূল কাগজপত্র মৌখিক পরীক্ষা গ্রহণকালে উপস্থাপন করতে হবে এবং ১(এক) সেট সত্যায়িত কপি জমা দিতে হবে।

ধ

পাতা-৪

- ১০। ফ্রটিপূর্ণ বা অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১১। কর্তৃপক্ষ যে কোনো সময় বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১২। কর্তৃপক্ষ যে কোনো পদের নিয়োগ স্থগিত বা পরীক্ষার তারিখ পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৩। কর্তৃপক্ষ যে কোনো আবেদন গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রম/বিজ্ঞপ্তি সম্পূর্ণ অথবা আংশিক সংশোধন, গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন এবং এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৪। নির্বাচনী পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্ত যোগ্য প্রার্থীদের বর্তমান ঠিকানায় ডাকযোগে যথাসময়ে প্রবেশপত্র প্রেরণ করা হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীগণকে কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না। লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রয়োজ্য ক্ষেত্রে) পরীক্ষার সময়সূচী বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯ এর নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইটে (www.caab.gov.bd) প্রকাশ করা হবে।
- ১৫। কোনো প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- ১৬। নিয়োগকৃতদের বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের আওতাধীন যে কোনো দপ্তর/বিভাগ/ইউনিট/বিমানবন্দরে পদায়ন করা হবে।
- ১৭। প্রার্থী কোন তথ্য গোপন করলে এবং পরবর্তীতে তা সনাক্ত হলে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১৮। প্রার্থীকে তাঁর অর্জিত সঠিক শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীতে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোন বৈধ সুযোগ দাবি করলে গ্রহণযোগ্য হবে না।
- ১৯। আগ্রহী প্রার্থীকে সরকার নির্ধারিত চাকুরির আবেদন ফরম স্বহস্তে পূরণ করে/কম্পিউটারে মুদ্রণ পূর্বক আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরম ও প্রবেশপত্রের নমুনা বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯ এর নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে (www.caab.gov.bd) পাওয়া যাবে।



(মোঃ সাইফুল ইসলাম)

পরিচালক (প্রশাসন)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

স্ব

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯

৫×৫ সে.মি. ছবি
(সাম্প্রতিক তোলা ছবি আঠা
দিয়ে লাগাতে হবে)

চাকরির আবেদন ফরম

১.	পদের নামঃ														
২.	বিজ্ঞপ্তির নম্বরঃ					তারিখঃ		দি	ন	মা	স	ব	৭	স	র
৩.	প্রার্থীর নাম		বাংলায়ঃ ইংরেজিতে (বড় অক্ষরে)ঃ												
৪.	জাতীয় পরিচয়পত্র নম্বরঃ												(যে কোন একটি)		
	জন্ম নিবন্ধন নম্বরঃ														
৫.	জন্ম তারিখঃ												৬. জন্মস্থান (জেলা) :		
৭.	বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়সঃ					বছর		মাস		দিন					
৮.	মাতার নামঃ														
৯.	পিতার নামঃ														
১০.	ঠিকানা		বর্তমান										স্থায়ী		
	বাসা ও সড়ক (নাম/নম্বর)ঃ														
	গ্রাম/পাড়া/মহল্লাঃ														
	ইউনিয়ন/ওয়ার্ডঃ														
	ডাকঘরঃ														
	ডাকঘরের কোড নম্বরঃ														
	উপজেলা/থানাঃ														
	জেলাঃ														
১১.	যোগাযোগঃ		মোবাইল/টেলিফোন নম্বরঃ					ই-মেইল (যদি থাকে)ঃ							
১২.	জাতীয়তাঃ					১৩.	জেভারঃ								
১৪.	ধর্মঃ					১৫.	পেশাঃ								
১৬.	শিক্ষাগত যোগ্যতাঃ														
	পরীক্ষার নাম		বিষয়		শিক্ষা প্রতিষ্ঠান			পাসের সন		বোর্ড/বিশ্ববিদ্যালয়			গ্রেড/শ্রেণি/বিভাগ		
১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে)ঃ														
১৮.	অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ														
১৯.	কোটা (টিক দিন)		মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা					এতিম/ শারীরিক প্রতিবন্ধী							
			স্বপ্ন নৃ-গোষ্ঠী		আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য			অন্যান্য (উল্লেখ করুন)							
২০.	চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বরঃ					তারিখঃ		দি	ন	মা	স	ব	৭	স	র
	ব্যাংকের শাখার নামঃ														
২১.	বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন)ঃ					হ্যাঁ		না		প্রযোজ্য নয়					

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ	দি	ন	মা	স	ব	৭	স	র

প্রার্থীর স্বাক্ষর

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা

নং-৩০.৩১.০০০০.২১১.০১.০১৩.১৭-

তারিখ :

৫×৫ সে.মি. ছবি
(সাম্প্রতিক তোলা ছবি আঠা দিয়ে
লাগাতে হবে)

প্রবেশপত্র

আবেদনকারী কর্তৃক পূরণীয়

পদের নাম :

পরীক্ষার্থীর নাম :

পিতা/স্বামীর নাম :

বর্তমান ঠিকানা :

.....

.....

অফিস কর্তৃক পূরণীয়

রোল নম্বর :

পরীক্ষার কেন্দ্রের নাম :

.....

পরীক্ষার তারিখ :

পরীক্ষার সময় :

উপ-পরিচালক (প্রশাসন)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

বিশেষ নির্দেশাবলি :

- ০১। পরীক্ষার সময় প্রবেশপত্র সঙ্গে আনতে হবে এবং মৌখিক পরীক্ষার জন্য প্রবেশপত্রটি সংরক্ষণ করতে হবে।
- ০২। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করা যাবে না।
- ০৩। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা প্রদান করা হবে না।
- ০৪। পরীক্ষায় কালো কালির বলপেন ব্যবহার করতে হবে। তবে, ক্যালকুলেটর বা অন্য কোনো ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করা যাবে না। পরীক্ষা কেন্দ্রে মোবাইল নিয়ে প্রবেশ করা যাবে না।
- ০৫। লিখিত পরীক্ষার ফলাফল সিএএবি'র সদর দপ্তর ছু নোটিশ বোর্ড এবং ওয়েবসাইট www.caab.gov.bd এ প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের নোটিশে মৌখিক পরীক্ষা গ্রহণের সময় ও তারিখ উল্লেখ থাকবে।
- ০৬। পরীক্ষার্থীদেরকে মৌখিক পরীক্ষায় আসার সময় নিজ শিক্ষাগত যোগ্যতা, নম্বরপত্র, অভিজ্ঞতা এবং আবেদনের সাথে দাখিলকৃত অন্যান্য সকল সনদের মূল কপি অবশ্যই সঙ্গে আনতে হবে।
- ০৭। কর্তৃপক্ষ পরীক্ষা বাতিলসহ যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

অফিস কপি

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা

নং-৩০.৩১.০০০০.২১১.০১.০১৩.১৭-

তারিখ :

৫×৫ সে.মি. ছবি
(সাম্প্রতিক তোলা ছবি আঠা দিয়ে
লাগাতে হবে)

প্রবেশপত্র

অফিস কর্তৃক পূরণীয়	
রোল নম্বর :	পরীক্ষার কেন্দ্রের নাম :
পরীক্ষার তারিখ :	পরীক্ষার সময় :

(আবেদনকারী কর্তৃক পূরণীয়)

পদের নাম :

পরীক্ষার্থীর নাম :

পিতা/স্বামীর নাম :

বর্তমান ঠিকানা :

.....

.....

উপ-পরিচালক (প্রশাসন)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ